

# দৈনিক ইত্তেফাক

প্রতিদিন তাজাজল হোসেন মালিক মিয়া

## রাউজানে সাত হাজার শিক্ষার্থীর মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ

 ১৯ মার্চ, ২০১৮ ইং ০০:০০ মি:

রাউজান (চট্টগ্রাম) সংবাদদাতা

রাউজানে প্রাথমিক বিদ্যালয়ের সাত হাজার শিক্ষার্থীর মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ করেছে শিক্ষার্থীদের সংগঠন সেন্ট্রাল বয়েজ অব রাউজান। গত শনিবার বিকালে উপজেলার এ.কে.এম ফজলুল কবির চৌধুরী অডিটোরিয়ামে এই উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য এবিএম ফজলে করিম চৌধুরী। সভা শেষে শিক্ষার্থীদের মাঝে শিক্ষা সামগ্রী বিতরণ করা হয়। শিক্ষার্থী প্রতি প্রদত্ত শিক্ষাসামগ্রীর মধ্যে ছিল ৬টি খাতা, ৬টি কলম, ২টি পেন্সিল, ১টি জ্যামিতি বক্স, ১টি স্কেল, ১টি রাবার ও ১টি কাটার।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস,  
কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ত্ব সংরক্ষিত